



অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন স্কিলস ফর এমপ্রয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি) এবং কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অব বেঙ্গাল (বিডি) লিমিটেডের মধ্যে সম্প্রতি স্পেশালাইজড নার্সিং ও কেয়ারগিভিং কোর্স বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণ অনুদান সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষরিত হয়। রাজধানীর ইস্কাটন গার্ডেনে এসইআইপি প্রকল্পের সম্মেলন কক্ষে সম্পাদিত এই চুক্তিতে স্বাক্ষর করেন প্রকল্পের নির্বাহী প্রকল্প পরিচালক জনাব মোঃ জাহিদুল হক ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক জনাব রাজীব প্রসাদ সাহা।